৭৭/ দৈনিক সংবাদ

তারিখ 0 4 SEP 1989
পৃষ্ঠা ৪ কলাম ১

074

## ডিগ্রী পরীক্ষা না পিছানোর আবেদন

আমি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৯ সালের একজন ডিগ্রী পরীক্ষার্থী। আমাদের পরীক্ষা আগামী ১৪ই সেপ্টেম্বর ঘোষিত হয়েছিল; কিন্তু হঠাৎ করে কোন কারণ ছাড়াই পরীক্ষা পিছিয়ে আগামী ২২শে অক্টোবর নেয়া হয়। এই যে দীর্ঘ ৩৮ দিন পরীক্ষা পিছিয়ে গেল, এতে আমাদের সময় এবং অর্থ দুটোরই অপচয় হচ্ছে এবং আমাদের অভিভাবকরাও দারুণ উৎকন্ঠার মধ্যে রয়েছেন। কারণ পরীক্ষা পিছানোর ফলে আমাদের ভবিষ্যৎ জীবন ক্রমশঃই অনিশ্চিত হয়ে পড়ছে। যা হোক আমরা আগামী ২২শে অক্টোবর পরীক্ষা দেয়ার জন্য পাবিকভাবে প্রস্তুত। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় যে, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষা আরও ১ মাস পিছিয়ে দিতে চাচ্ছেন এবং ১-৯-৮৯ তারিখের 'সংবাদ'-এ তা প্রকাশিত হয়েছে; কিন্তু ডিগ্রী পরীক্ষার্থীদের জীবন নিয়ে কেন এই ছিনিমিনি খেলা? গত বছর না হয় বন্যার কারণে পরীক্ষা পিছিয়ে গিয়েছিল, কিন্তু এইবার কোন যুক্তিতে তারা পরীক্ষা ৩৮ দিন পিছানোর পরেও আবার পিছাতে চাচ্ছেন? পরিশেষে, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে আবেদন, তাঁরা যেন আগামী ২২শে অক্টোবর থেকে ডিগ্রী পরীক্ষা ১দিনও না পিছান এবং সেই সাথে আরও একটি আবেদন, তাঁরা যেন পরীক্ষা পিছানোর চাইতে ফলাফল তাড়াতাড়ি প্রকাশের ব্যাপারে অধিকতর সচেষ্ট হন।

হাসান মোহাম্মদ ইমতিয়াজ
(সিটি কলেজ)
বাবর রোড, মোহাম্মদপুর, ঢাকা।